

🗏 আন-নিসা | An-Nisa | ٱلنِّسَاء

আয়াতঃ 8:১৫৪

া আরবি মূল আয়াত:

وَ رَفَعنَا فَوقَهُمُ الطُّورَ بِمِيثَاقِهِم وَ قُلنَا لَهُمُ ادخُلُوا البَابَ سُجَّدًا وَّ قُلنَا لَهُم لَا تَعدُوا فِي السَّبتِ وَ اَخَذنا مِنهُم مِّيثَاقًا غَلِيظًا ﴿١٥٢﴾

আর তাদের অঙ্গীকার গ্রহণের জন্য তূরকে তাদের উপর তুলে ধরেছিলাম এবং তাদেরকে বলেছিলাম, 'দরজায় প্রবেশ কর অবনত হয়ে'। তাদেরকে আমি আরও বলেছিলাম, 'শনিবারে সীমালজ্যন করো না' এবং আমি তাদের কাছ থেকে দৃঢ় অঙ্গীকার নিয়েছিলাম। — আল-বায়ান

তাদের নিকট হতে অঙ্গীকার গ্রহণের জন্য আমি তূর পাহাড়কে তাদের উধ্বের্ব তুলে ধরেছিলাম, আর তাদেরকে বলেছিলাম- অবনত মস্তকে (নগর) দ্বারে প্রবেশ কর আর তাদেরকে বলেছিলাম শনিবারের আইন ভঙ্গ করো না, আর তাদের নিকট থেকে নিয়েছিলাম পাকা প্রতিশ্রুতি। — তাইসিরুল

এবং আমি তাদের প্রতিশ্রুতির জন্য তাদের উপর তূর পর্বত সমুচ্চ করেছিলাম এবং তাদেরকে বলেছিলাম অবনত শিরে দ্বারে প্রবেশ কর। এবং তাদেরকে আরও বলেছিলাম, শনিবারের সীমা অতিক্রম করনা। এভাবে তাদের নিকট হতে কঠোর প্রতিশ্রুতি গ্রহণ করেছিলাম। — মুজিবুর রহমান

And We raised over them the mount for [refusal of] their covenant; and We said to them, "Enter the gate bowing humbly", and We said to them, "Do not transgress on the sabbath", and We took from them a solemn covenant. — Sahih International

১৫৪. আর তাদের অঙ্গীকার গ্রহণের জন্য 'তুর' পর্বতকে আমরা তাদের উপর উত্তোলন করেছিলাম এবং তাদেরকে বলেছিলাম, নত শিরে দরজা দিয়ে প্রবেশ কর(১)। আর আমরা তাদেরকে আরও বলেছিলাম, শনিবারে সীমালংঘন করো না; এবং আমরা তাদের কাছ থেকে দৃঢ় অঙ্গীকার নিয়েছিলাম।

(১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, বনী ইসরাঈলকে বলা হয়েছিল যে, তোমরা (প্রস্তাবিত শহরে) সিজদারত অবস্থায় প্রবেশ কর এবং বল, (হে আল্লাহ!) আমাদেরকে ক্ষমা করে দিন। তারা তা পরিবর্তন (সিজদারত অবস্থায় প্রবেশ না করে) নিতম্বের উপর ভর করে এবং আমাদেরকে ক্ষমা করুন এর পরিবর্তে যবের দানা চাই বলতে বলতে প্রবেশ করল। [বুখারীঃ ৩৪০৩]

তাফসীরে জাকারিয়া



(১৫৪) আর তাদের অঙ্গীকার নেবার সময় তূর পর্বতকে তাদের উপর উচ্চ করে ধরেছিলাম এবং তাদেরকে বলেছিলাম, 'নতশিরে (নগরের) দ্বার প্রবেশ কর' এবং তাদেরকে বলেছিলাম, 'শনিবারে (বিশ্রামের দিন মাছ ধরে) সীমালংঘন করো না' এবং তাদের নিকট থেকে দৃঢ় অঙ্গীকার নিয়েছিলাম।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=647

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন